

## ‘বন্দুকযুদ্ধে’ বাবা-ছেলে সহ নিহত পাঁচ আইন ও সালিশ কেন্দ্র (আসক)-এর গভীর উদ্বেগ

কক্সবাজার ও মুন্সিগঞ্জ ‘বন্দুকযুদ্ধে’ বাবা-ছেলেসহ পাঁচজন নিহত হওয়ার ঘটনায় আইন ও সালিশ কেন্দ্র (আসক) গভীর উদ্বেগ প্রকাশ করছে।

গণমাধ্যমে প্রকাশিত পুলিশের ভাষ্য অনুযায়ী, গত বৃহস্পতিবার ২৮ ফেব্রুয়ারি ২০১৯, কক্সবাজারের টেকনাফের হোয়াইক্যং এলাকায় মাদক পাচারের খবর পেয়ে পুলিশ অভিযান চালালে মাদক ব্যবসায়ীরা পুলিশকে লক্ষ করে গুলি ছুড়ে। পুলিশের পাল্টা গুলিতে দুজন মাদক ব্যবসায়ী আহত হয়, যাদের কক্সবাজারের সদর হাসপাতালে নেওয়া হলে তাদের মৃত ঘোষণা করা হয়। একইদিনে কিশোরগঞ্জের পাকুন্দিয়া উপজেলার পুলেরঘাট বাজারের পাশে পুলিশের সঙ্গে বন্দুকযুদ্ধে যুবলীগ নেতা মনি হত্যা মামলার আসামি রাকিব (২৭) গুলিবিদ্ধ হয়। এছাড়া, গত শুক্রবার ১ মার্চ ২০১৯, ভোররাত সোয়া পাঁচটার দিকে টেকনাফের সাবরাং ইউনিয়নের পুরোনো মগপাড়ার কাঁকড়া খামার এলাকায় একইভাবে ইয়াবা চালান আসার খবর পায় বিজিবি। বিজিবির ভাষ্য অনুযায়ী, এসময় আবদুস সঙ্কুর ও তাঁর ছেলে মোহাম্মদ ইলিয়াসকে জিজ্ঞাসাবাদ করতে গেলে তাঁরা গুলি ছুড়ে। এ সময় বিজিবির সদস্যরা পালটা গুলি চালালে দুজনই নিহত হন। একইদিনে মুন্সিগঞ্জের সিরাজদিখান উপজেলার ফুলহার এলাকার ধলেশ্বরী নদীতে বেলা সারে ১১টার দিকে পুলিশের সঙ্গে বন্দুকযুদ্ধে মো. সলিম ওরফে সইল্লা ডাকাত (৩০) নামে এক ব্যক্তি নিহত হয়।

আসক কর্তৃক সংগৃহীত পরিসংখ্যান অনুযায়ী গত বছরের মে মাস থেকে শুরু হওয়া মাদক বিরোধী অভিযানে এ পর্যন্ত ৩২০ জন তথাকথিত ‘ক্রসফায়ারের’ বা ‘বন্দুকযুদ্ধের’ শিকার হয়েছে। প্রতিদিন গণমাধ্যমে আমরা কোনো না কোনো ‘ক্রসফায়ার’-এর সংবাদ পাচ্ছি, যা অত্যন্ত উদ্বেগজনক। আসক এ অভিযানের শুরু থেকেই মানুষের জীবনের এবং বিচারলাভের মৌলিক ও সাংবিধানিক অধিকার যাতে কোনোভাবেই খর্ব না হয় তা নিশ্চিত করার দাবী জানিয়ে আসছে। তথাপি আসক অত্যন্ত উদ্বেগের সাথে দেখছে এ অভিযানে ‘বন্দুকযুদ্ধে’ প্রতিনিয়ত মানুষ মারা যাচ্ছে, যা কোনোভাবেই গ্রহণযোগ্য হতে পারে না। আসক এসব অভিযান পরিচালনাকালে সব মানুষের মানবাধিকারের প্রতি পূর্ণ শ্রদ্ধা বজায় রাখার দাবী জানাচ্ছে।

আসক একটি মানবাধিকার ও আইনগত সহায়তা কেন্দ্র

Ain o Salish Kendra (ASK) is a human rights and legal aid resource centre in consultative status with UNECOSOC  
7/17, Block-B, Lalmatia, Dhaka-1207, Bangladesh, G.P.O. Box : 3252, Tel : +88-02-8100192, 8100195, 8100197, Fax : +88-02-8100187  
Email : ask@citechco.net, Website : www.askbd.org